



বিসমিল্লাহির রাহমানির রাহিম

# উপজেলা প্রশাসন স্কুল (ইউপিএস)

স্থাপিত: ২০১৭ খ্রি.

ডাকঘর: বোরহানউদ্দিন, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা।

www.ourups.school.blog, Email: upsborhanuddin17@gmail.com, Mobile: 01774850504

স্মারক নং: ইউপিএস/বোর/২০২৪. ৫৫

তারিখ: ০৯ জানুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

উপজেলা প্রশাসন, বোরহানউদ্দিন, ভোলা এর সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত উপজেলা প্রশাসন স্কুল (ইউপিএস), বোরহানউদ্দিন এ নিম্নবর্ণিত পদে বিধি মোতাবেক যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন শিক্ষক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও বয়স	বেতন
০১	সহকারী শিক্ষক (গণিত)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছরের স্নাতক/ স্নাতকোত্তর	আলোচনা সাপেক্ষে
০২	সহকারী শিক্ষক (ইংরেজি)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছরের স্নাতক/ স্নাতকোত্তর	

### শর্তাবলি:

- ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) হতে হবে;
- আবেদনকারীকে আগামি ২৩ জানুয়ারি, ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা প্রশাসন স্কুল (ইউপিএস), বোরহানউদ্দিন, ভোলা এর বরাবর নিজ স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে;
- প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- যেকোনো তদবির প্রার্থীর প্রাথমিক অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;
- ধুমপায়ী, মাদকসেবী এবং রাজনীতির সাথে জড়িত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই;
- পরীক্ষা পদ্ধতি: লিখিত, মৌখিক এবং ব্যবহারিক;
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে;
- লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষার তারিখ মোবাইল ও ইমেইলের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;
- আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে আপত্তি উত্থাপন করা যাবে না।

মোঃ রাসহান-উজ্জামান  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা প্রশাসন স্কুল (ইউপিএস)  
বোরহানউদ্দিন, ভোলা।